

প্রথম আন্দোলন

মঙ্গলবার, ২৪ জানুয়ারি ২০১২

হেল্পলাইন

পাসওয়ার্ডের ব্যাপারে সতর্ক থাকুন...

অনলাইনে কোনো ওয়েবসাইটে নিবন্ধন করা থেকে শুরু করে কম্পিউটারে ঢোকার ক্ষেত্রে নিরাপত্তার জন্য পাসওয়ার্ড ব্যবহার করতে হয় অনেককেই। নিরাপত্তার জন্য পাসওয়ার্ড গুরুত্বপূর্ণ। তবে সেটি হতে হবে শক্তিশালী। যেকোনো সময় সাইবার অপরাধের শিকার হতে পারেন আপনি, যদি পাসওয়ার্ডটা শক্তিশালী না হয়। পাসওয়ার্ড দেওয়ার ব্যাপারে নিচের বিষয়গুলো মাথায় রাখতে পারেন।

- পাসওয়ার্ড যেন কমপক্ষে সাত-আটটি অক্ষরের হয়।
- পাসওয়ার্ডে সংখ্যা এবং অক্ষর দুটিই রাখুন।
- অভিধানে খুঁজে পাওয়া সম্ভব, এমন কোনো প্রচলিত শব্দ ব্যবহারে সতর্ক হোন।
- বহুল প্রচলিত বাক্য পরিহার করুন। যেমন: I LOVE YOU বা I MISS YOU
- 'ক্যাপস লক' ব্যবহার করে ছোট ও বড় অক্ষরের সমন্বয় ঘটান পাসওয়ার্ডে।
- পাসওয়ার্ডে নিজের বা অন্য কারও ফোন নম্বর ব্যবহার

করবেন না কখনোই।

- নিজের নাম, শিক্ষাপ্রতিষ্ঠান, কর্মস্থল বা বাসার নাম পরিহার করুন। কারণ, অনুমান করে খুব সহজেই এসব পাসওয়ার্ড ভেঙে ফেলা যায়।
- খেয়াল রাখুন, ইউজার নেম আর পাসওয়ার্ড যেন কখনোই একই না হয়।
- ভিন্ন ভিন্ন অ্যাকাউন্টের জন্য ভিন্ন ভিন্ন পাসওয়ার্ড ব্যবহার করুন।
- ওয়েব ব্রাউজারের 'রিমেম্বার পাসওয়ার্ড'-এর বিষয়ে সতর্ক থাকুন। সম্ভব হলে ব্রাউজারের এই সুযোগটি বন্ধ রাখুন।
- কখনো কাগজে লিখে রাখবেন না পাসওয়ার্ড।
- নিজের পাসওয়ার্ড অনলাইনে বা অন্য কোনোভাবে কারও সঙ্গে শেয়ার করবেন না।
- সম্ভব হলে কিছুদিন পর পর পাসওয়ার্ড পরিবর্তন করুন। — ফয়সাল হাসান

আগামীকাল দেখুন: ওয়েব গাইড